

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ সেপ্টেম্বর ২০২১খ্রি.

মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ইন্টার্নীদের
সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে মেয়র
সাধারণ মানুষ একজন চিকিৎসকের
শরণাপন্ন হয় অনেক প্রত্যাশা নিয়ে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চিকিৎসকদের পেশা হচ্ছে মানব সেবা প্রদানে সর্বোচ্চ পেশা। সাধারণ মানুষ একজন চিকিৎসকের শরণাপন্ন হয় অনেক প্রত্যাশা নিয়ে। এই প্রত্যাশা থেকে মানুষ বিমুখ হলে চিকিৎসকদের প্রতি আস্থা হারায় এবং অসহায়ত্ব এক সময় চিকিৎসকদের প্রতিপক্ষ হয়ে দাঁড়ায়। তাই চিকিৎসকদের সেবার মানবিকতা নিয়ে কাজ করতে হবে। তিনি আজ সকালে আগ্রাবাদস্থ মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১০ম ব্যাচের ইন্টার্নী চিকিৎসকদের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।
ডা. মো. শহীদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও মেডিকেল কলেজ গভর্নিং বডি'র ভাইস চেয়ারম্যান সৈয়দ মো. মোরশেদ হোসেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ.এস.এম মোস্তাক আহমেদ, কার্যনির্বাহী কমিটির জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডা. মো. আরিফুল আমীন, ডোনার সদস্য ইঞ্জি. মো. জাবেদ আবছার চৌধুরী, কার্যনির্বাহী সদস্য রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ লায়ন মো. সানাউল্লাহ, মোঃ আহছান উল্লাহ, জনাব এস.এম কুতুব উদ্দিন, পরিচালক (প্রশাসন) ডা. মোঃ নূরুল হক, ভাইস প্রিন্সিপাল অধ্যাপক (ডা.) অসীম বড়ুয়া, সার্জারী বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর খন্দকার বোরহান উদ্দিন, কমিউনিটি মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক (ডা.) জালাল উদ্দিন, প্যাথলজি বিভাগের অধ্যাপক ডাঃ বাবুল ওসমান চৌধুরী প্রমুখ।
মেয়র আরো বলেন, করোনাকালে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের চিকিৎসকেরা করোনা রোগীদের চিকিৎসা সেবায় যে অবদান রেখেছেন তা সত্যিকার অর্থে প্রশংসার দাবি রাখে। যারা আজকের ইন্টার্নীং থেকে চিকিৎসক হিসেবে দায়িত্ব পেলেন তাদেরকে একজন চিকিৎসক হিসেবে নয় একজন ভালো মানুষ ও মানবিক ডাক্তার হওয়ার ব্রত নিয়ে কাজ করার আহ্বান জানান। তিনি নতুন এই চিকিৎসকদের আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। হাসপাতাল পরিচালনা কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ মোরশেদ হোসেন হাসপাতালের সার্বিক কার্যক্রমের বিষয়ে মেয়রকে অবগত করেন এবং কিছু সমস্যা সমাধানে তাঁর হস্তক্ষেপ কামনা করেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য উৎপাদন করায়
৫০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীর চাঁদগাও থানাধীন পাঠানিয়াগোদা এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানকালে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য উৎপাদন করায় একটি বেকারী মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মালিকানাধীন বহুদারহাট কাঁচাবাজারে ক্রেতা সাধারণের চলাচলের পথ দখল করে ব্যবসা পরিচালনা করা ভাসমান দোকানপাট উচ্ছেদ করে চলাচলের পথ উন্মুক্ত করে দেওয়া হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩